

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারী ১৫, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র নগ্নবালয়

রাষ্ট্রনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ১৩ই ফেব্রুয়ারী ১৯৯৭/১লা কাল্পুন ১৪০৩

এস, আর, ও নং ৪১-আইন/৯৭/বিবিধ-৭/৯১(রাষ্ট্র-৪)—যেহেতু সরকার জাতীয় সংসদের শূন্য আসন ৩ ঠাকুরগাঁ-১ নির্বাচনী এলাকায় আগামী ১৮-২-৯৭ ইং তারিখে অনুষ্ঠিতব্য উপ-নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকায় সংশ্লিষ্ট ভোটকেন্দ্রসমূহে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সমগ্র ঠাকুরগাঁও জেলায় অস্ত্রসহ চলাকোঁর করার উপর অনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে।

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A তে ধনস্বত্ব কনভালবে সরকার আগামী ১৫ই ফেব্রুয়ারী ১৯৯৭ ইং তারিখ ০০-০১ ঘটিকা হইতে ১৯-২-৯৭ ইং তারিখ রাত ১২'০০ ঘটিকা পর্যন্ত সময়ের জন্য লাইসেন্সধারী সকল অস্ত্র মালিককে অস্ত্রসহ উল্লিখিত ভোটকেন্দ্রসমূহে তথা সমগ্র ঠাকুরগাঁও জেলায় চলাকোঁর করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লংঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) উপ-নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য।

- (খ) বিভিন্ন সরকারী আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণ।

ব্যাখ্যা :—এই আদেশে ‘শুংখলা বাহিনী’ বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শুংখলা বাহিনী বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুশতাক উদ্দিন আহসান

উপ-সচিব (রাষ্ট্রনৈতিক)।